DEC. 01 2001

~~দৈনিক ইত্তেফাক~~

দৈনিক জনকণ্ঠ

পৃষ্ঠা ৩ কলাম ৪

# ভুলে ভরা বোর্ডের নবম ও দশম শ্রেণীর ইংরেজী পাঠ্যবই

স্টাফ রিপোর্টার ॥ পাঠ্যপুস্তক বোর্ড থেকে প্রকাশিত নবম ও দশম শ্রেণীর ইংরেজী পাঠ্যবইয়ে বিভিন্ন গল্প নানা রকম ভুল ও অসঙ্গতিতে পরিপূর্ণ রয়েছে। গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার ফুলপুকুরিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো: আনিসুর রহমান মুক্তার বেশ কয়েকটি ভুল ও অসঙ্গতি চিহ্নিত করে তা পাঠিয়েছেন দৈনিক জনকণ্ঠে। তিনি প্রশ্ন রেখেছেন – এত ভুল থাকলে শিক্ষার্থীরা কোনটি পড়বে এবং কোনটি বাদ দেবে? আনিসুর রহমান জানান, নবম ও দশম শ্রেণীর ইংরেজী পাঠ্যবইয়ে ল্যান্ডিং অন দি মুন-এর পার্ট টু-তে বলা হয়েছে আর্মস্ট্রং এবং অলড্রিন চাঁদে ২০ ঘণ্টা ৩৭ মিনিট অবস্থান করেন(সেকেন্ড এডিশন-১৯৯৯)। আবার রিভাইসড এডিশন ২০০০-এ বলা হয়েছে আর্মস্ট্রং এবং অলড্রিন চাঁদে ২১ ঘণ্টা ৩৬ মিনিট অবস্থান করেন। আবার দি কনকোয়েস্ট অব মাউন্ট এভারেস্ট-এর পার্ট টু-তে স্যার এডমন্ড হিলারি'র সঙ্গীর নাম কোন বইয়ে দেয়া আছে তেঞ্জিং নর্কে এবং কোন বইয়ে দেয়া আছে তেঞ্জিং নর্গে। একইভাবে এ জোক এবাউট বিল্ডিং পার্ট-টু-এর চতুর্থ লাইনে লেখা আছে প্রেসিডেন্ট হুভার ওপেনড ইট ইন ১৯৩০ (এডিশন ডিসেম্বর-১৯৯৮)। আবার অন্যত্র লেখা আছে– প্রেসিডেন্ট হুভার ওপেনড ইট ইন ১৯৩১ (এডিশন নবেম্বর-২০০০)। এসব অসঙ্গতি তুলে ধরে ঐ শিক্ষক বলেন, টেক্সটবুকে এ ধরনের ভুল থাকলে ছাত্রছাত্রীরা কোনটি সঠিক বলে পড়বে? এর জবাব তিনি চেয়েছেন বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের কাছে।